

৮২

ব্যবহৃত হবে মোবাইল ফোন প্রযুক্তি বরিশালে শিক্ষক প্রশিক্ষণ কোর্স চালু হচ্ছে

মন্ত্রক জাল মামুন, বাসাবাণীপাড়া থেকে

দেশে প্রথমবারের মতো মোবাইল ফোন প্রযুক্তি ব্যবহার করে শিক্ষক প্রশিক্ষণ কোর্স চালু হচ্ছে। শিক্ষককে বিদ্যালয়ে যোগেই মোবাইল ফোনের মাধ্যমে তাদের পেশাগত দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ দেয়া হবে। ইতিমধ্যে বরিশাদে এ ধরনের প্রশিক্ষণ পরীক্ষামূলক সমন্বয় সমাপ্ত হয়েছে। প্রশিক্ষণ কোর্সের নামকরণ করা হয়েছে মোবাইল সার্ভিস প্রজেক্ট (এম-সার্ভিস প্রজেক্ট)। মন্ত্রণালয়ের বরিশাদের কাশিপুর টিচার্স ট্রেনিং কলেজের উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট মিলনায়তনে এই পরীক্ষামূলক প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে শেষে প্রশিক্ষণ গ্রহণকারী ৩০ জন শিক্ষককে সনদপত্র প্রদান করা হয়। বরিশাদ বিভাগের পটুয়াখালী সদর ও গদাচিপা উপজেলায় ১০টি মাধ্যমিক স্কুলের ১০ জন প্রধান শিক্ষক ও ২০ জন সহকারী শিক্ষককে বাংলা ও গণিত বিষয়ে মোবাইল ফোনের মাধ্যমে দ্রুত মাসব্যাপী প্রশিক্ষণ দেয়া হয়। বরিশাদ টিচার্স ট্রেনিং কলেজের ৫ জন শিক্ষক অত্যাধুনিক মোবাইল ফোনের মাধ্যমে তাদের প্রশিক্ষণ দেন। দ্রুত মাসব্যাপী পরীক্ষামূলক এই প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন যুগ্ম সচিব ও টিকিউআই প্রজেক্টের প্রকল্প পরিচালক মোঃ মদারুল ইসলাম। সভাপতিত্ব করেন বরিশাদ টিচার্স ট্রেনিং কলেজের অধ্যক্ষ আবু সাইদ আকন্দ। প্রজেক্টের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন টিকিউআই-এসইপি প্রজেক্টের সহকারী পরিচালক ছারিক ইমাম। স্বাগত ভাষণ দেন ট্রেনিং কো-অর্ডিনেটর সহকারী অধ্যাপক মোঃ মহসিন।